



স্মারক নং/নোবিপ্রবি/বিএমবি/এম.এসসি ভর্তি বিজ্ঞপ্তি/২০২৪/৯৮

তারিখ: ২৫/০৯/২০২৪ ইং

**বিএমবি স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (M.Sc. in Biochemistry and Molecular Biology) এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদেরকে বিভাগীয় অফিস চলাকালীন সময়ে আগামী ০৭-১০-২০২৪ ইং তারিখ থেকে ২৭-১০-২০২৪ ইং তারিখে এর মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে হবে। আবেদন ফরম এর মূল্য ১০০০/- (এক হাজার টাকা) (অফেরতযোগ্য টাকা) ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করা হবে। স্বাক্ষরকারের সময় পরবর্তীতে নোটিশের মাধ্যমে জানানো হবে।

১। ডিগ্রীর নাম: M.Sc. in Biochemistry and Molecular Biology (Thesis and Non-thesis)

২। ডিগ্রী এর সময়কাল : **Thesis Group** -১৮ মাস (৩ সেমিস্টার)


**Non-thesis Group** -১২ মাস (২ সেমিস্টার)

**ভর্তির যোগ্যতা:**

- প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বা অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে **Biochemistry and Molecular Biology** অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রীধারী হতে হবে।
- প্রার্থীর স্নাতক (সম্মান) পর্যায়ে নোবিপ্রবি থেকে পাশ করা শিক্ষার্থীর জন্য ন্যূনতম সিজিপিএ ২.২৫ এবং অন্য বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা শিক্ষার্থীদের জন্য ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।
- যারা ১৭১ ক্রেডিট (২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ) সম্পন্ন করেছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে এবং যারা ১৬৯ ক্রেডিট (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ) সম্পন্ন করেছে তারাও আবেদন করতে পারবে। স্পেশাল টার্মের শিক্ষার্থীরা আবেদন করতে পারবে, তবে শর্ত থাকে যে, স্পেশাল টার্মের ফলাফলের পর তাদের ১৭১ ক্রেডিট (২০১৮-২০১৯) সম্পন্ন না হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে (শুধুমাত্র নোবিপ্রবি শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)।

**আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত এবং বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে:**

- শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশিট/এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
- সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান / বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত পত্যয়ন পত্র।
- সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ১০০০.০০ (এক হাজার) টাকার বিনিময়ে বিভাগীয় অফিস থেকে আবেদন ফরম সংগ্রহ করতে হবে।
- চাকুরীরত প্রার্থীকে নিজ- নিজ নিয়োগ কর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে (ক্রাসে যোগদান ও পরীক্ষায় অংশ গ্রহণ) শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদানের জন্য পূর্ণকালীন ছুটি প্রদান করা হবে এই মর্মে পত্যয়ন পত্র/ অফিস আদেশ আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে। উল্লেখ্য, চাকুরীরত নয় উল্লেখ করে ভর্তি হলে এবং পরবর্তীতে যে কোন সময়ে চাকুরীতে জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
- কেবল মাত্র সুপারভাইজার সম্মতি পত্র / সুপারিশ/ স্বাক্ষর সম্বলিত ছাত্র-ছাত্রীদের আবেদন পত্র সমূহ বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক যাচাই-বাছাই এর মাধ্যমে যথাযথ হওয়া সাপেক্ষে ভর্তির জন্য উপযুক্ত বিবেচনা করা হবে।
- সংশ্লিষ্ট কোর্সে ইতিপূর্বে কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত নয় তার নিশ্চয়তা আবেদনকারী দিতে হবে। আবেদনকারী কর্তৃক প্রদত্ত কোন তথ্য ভুল প্রমাণিত হলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
- ভর্তি ফরম ভরনের রশিদ এর ফটোকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রাথমিক যাচাই বাছাই এর পর কৃতকার্যদের ভর্তি পরীক্ষা চূড়ান্ত করণের লক্ষ্যে সাক্ষাতকারের সময়-সূচী বিভাগীয় অফিস থেকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে এবং প্রণীত সময়সূচী মোতাবেক যথাসময়ে সাক্ষাতকারের জন্য উপস্থিত থাকতে হবে।
- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট ভর্তি সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত পরিবর্তন/পরিবর্ধন করার এখতিয়ার সংরক্ষিত থাকবে।



ড. সুবোধ কুমার সরকার  
চেয়ারম্যান, এম.এসসি ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ- ২০২২-২০২৩) এবং  
সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান  
বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ  
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,  
নোয়াখালী-৩৮১৪  
বাংলাদেশ।

ড. সুবোধ কুমার সরকার  
সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান  
বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ  
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
নোয়াখালী-৩৮১৪

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ডীন, বিজ্ঞান অনুষদ, নোবিপ্রবি।
- রেজিস্ট্রার, নোবিপ্রবি (অন্যান্য বিশ্ববিদ্যালয়ে প্রেরণের অনুরোধ সহ)।
- হিসাব পরিচালক, নোবিপ্রবি।
- পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি। (ওয়েবসাইটে আফলোডের মাধ্যমে সম্প্রচারের অনুরোধ সহ)
- পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।
- উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
- সকল নোটিশ বোর্ড, নোবিপ্রবি।